

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা  
www.shed.gov.bd

**ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

সভাপতি	: মোঃ হাসানুল ইসলাম এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ	: ২৪ জুন ২০২১ খ্রিস্টাব্দ
সময়	: সকাল ১০.৩০ মিনিট।
সভার স্থান	: শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'।

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ১লা ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ১২ (বার) মাস প্রায় অতিক্রান্ত। আজকে ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের ৬ষ্ঠ তথা শেষ সভা। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে জানতে চান। সদস্য সচিব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি করোনা মহামারীর মধ্যেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সফলতার সাথে বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরবর্তীতে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**৩.০ সিদ্ধান্তসমূহ:**

- ৩.১ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে;
- ৩.২ অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়ন প্রতিবেদন ২০ জুলাই ২০২১ তারিখের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(মোঃ হাসানুল ইসলাম এনডিসি)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়


ও

চিফ ইনোভেশন অফিসার।

স্মারক নং:৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০-১৪৫

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
২৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সহকারী সচিব (সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

  
(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৬১৫৮  
apa.sec@shed.gov.bd